

১। ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে  
কিভাবে?

- ক. দেশ ও কালভেদে  
খ. দেশ, কাল ও পরিবেশভেদে  
গ. দেশ, কাল ও ব্যক্তিভেদে  
ঘ. দেশে-দেশে, কালে-কালে ব্যক্তিভেদে

২। কোনটি প্রশাসনিক শব্দ?

- ক. নালিশ                      খ. নমুনা  
গ. কলেজ                      ঘ. চা

৩। ব্যাকরণ পাঠের কারণ—

- ক. ভাষা শিক্ষার জন্য  
খ. ভাষা বিষয়ে জ্ঞান দানের জন্য  
গ. ভাষার শুদ্ধাশুদ্ধি নির্ণয়ের জন্য  
ঘ. ভাষার বিকাশের জন্য

৪। কোন ধ্বনিটির সংক্ষিপ্ত রূপ নেই?

- ক. ঋ                              খ. ই  
গ. ঔ                              ঘ. অ

৫। স্পর্শ ও উল্লবর্ণের মাঝামাঝি বর্ণ —

- ক. অন্তঃস্থ বর্ণ                      খ. তাড়নজাত বর্ণ  
গ. নাসিক্য বর্ণ                      ঘ. অঘোষ বর্ণ

৬। 'উষ্ণ' শব্দের যুক্তবর্ণের বিশ্লেষণ  
কোনটি?

- ক. ষ্ + ঞ                              খ. ঞ্ + ষ  
গ. ষ্ + ণ                              ঘ. ণ্ + ষ

৭। কোনটি স্বরাগমের উদাহরণ?

- ক. বিলিতি                              খ. পিরিতি  
গ. বসতি                              ঘ. উড়নি

৮। ঋ, র, ষ-এর পরে মূর্ধণ্য 'ণ' হয়-এর  
উদাহরণ কোনটি?

- ক. উষ্ণ                              খ. হরিণ  
গ. কৃপণ                              ঘ. অর্পণ

৯। 'শীতর্ত' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

- ক. শীত + আর্ত                      খ. শীতাঃ + ত  
গ. শীত + ঋত                      ঘ. শীতার + ত

১০। কোন শব্দটি 'ঈ' প্রত্যয়যোগে গঠিত  
স্ত্রীবাচক শব্দ?

- ক. জেলেনী                              খ. কৃষাণী  
গ. চাকরাণী                              ঘ. সাপিনী

১১। 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'—  
'দুধে-ভাতে' হলো—

- ক. শব্দের দ্বিরুক্তি  
খ. অনুকার দ্বিরুক্তি  
গ. পদের দ্বিরুক্তি  
ঘ. ধনাত্মক দ্বিরুক্তি

১২। সংখ্যা গণনার মূল একক কী?

- ক. ১ থেকে ৯ পর্যন্ত                      খ. এক এবং শূন্য  
গ. দশ                              ঘ. এক

১৩। কোনটি এক বচনের উদাহরণ?

- ক. মানুষ মরণশীল  
খ. শিক্ষক ছাত্রকে পড়াচ্ছেন  
গ. লোকে বলে  
ঘ. বনে বাঘ থাকে

১৪। বাংলায় পদাশ্রিত নির্দেশক বলতে বোঝায়?

- ক. A-কে                              খ. An-কে  
গ. The-কে                              ঘ. A, An, The-কে

১৫। উভয় পদ সমাস কোনটি?

- ক. দ্বন্দ্ব                              খ. কর্মধারয়  
গ. বহুব্রীহি                              ঘ. অব্যয়ীভাব

১৬। বিশেষ অর্থে 'উপ' উপসর্গের ব্যবহার হয়েছে কোন শব্দটিতে?

- ক. উপকূল                      খ. উপবন  
গ. উপভোগ                    ঘ. উপকণ্ঠ

১৭। নিচের কোনটি বিদেশি ধাতু?

- ক. হস্                              খ. কহ্  
গ. গড়্                              ঘ. ভিজ্

১৮। ভাববাচক বিশেষ্য গঠনে নিচের কোন প্রত্যয়টি ব্যবহৃত হয়?

- ক. আও                            খ. আল  
গ. অন                                ঘ. অন্

১৯। 'জাত' অর্থে 'আই' প্রত্যয় যোগ হয়েছে কোনটিতে?

- ক. মিঠাই                            খ. পাবনাই  
গ. মোগলাই                        ঘ. নিমাই

২০। সমাস নিস্পন্ন যেসব শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদগুলোর অর্থ অনুযায়ী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাদের কী বলে?

- ক. যৌগিক শব্দ                    খ. সৌরভ  
গ. দর্শন                                ঘ. বহর

২১। কোনটি ভাববাচক বিশেষ্য?

- ক. মাইকেল                        খ. সৌরভ  
গ. দর্শন                                ঘ. বহর

২২। কোনটি অস্থায়ী অব্যয়ের উদাহরণ?

- ক. তাকে দিয়ে এ কাজ হবে না  
খ. তুমি ভালো ছাত্র তাই তোমাকে সবাই ভালোবাসে  
গ. বৃষ্টি পড়ে ঝামঝাম  
ঘ. উঃ বড্ড লেগেছে!

২৩। কোন বাক্যটি সাপেক্ষ ভাব প্রকাশ করছে?

- ক. যদি সে যেত, আমি আসতাম।  
খ. তোমার ইচ্ছা পূর্ণ হোক।  
গ. আমাকে বই দাও।  
ঘ. রেবা ভালো গান করে।

২৪। কোন বাক্যটি ঘটমান বর্তমানের ক্রিয়া দ্বারা গঠিত?

- ক. এ কথা জানতে তুমি  
খ. কে যেন আসছে  
গ. দেখে এলাম তারে  
ঘ. আবার আসিব ফিরে

২৫। কোন বাক্যে পরীক্ষা অর্থে যৌগিক ক্রিয়া ব্যবহৃত হয়েছে?

- ক. কাষ্ঠি পাথরে সোনা কষে নাও  
খ. আমি পরীক্ষা দিয়ে আসছি  
গ. এখন ভাবতে থাকো  
ঘ. আমাকে করতে দাও

২৬। তুচ্ছার্থক বা ঘনিষ্ঠার্থক মধ্যম পুরুষের ভবিষ্যৎকালের অনুজ্ঞার চলিতরীতির বিভক্তি কোনটি?

- ক. ইও                                খ. ও  
গ. স                                      ঘ. ইস

২৭। কোন গুচ্ছের সব ধাতু অসম্পূর্ণ—

- ক. আ, বট, শিখ, যা  
খ. আছ, তা, শিখ, যা  
গ. আ, থাক্, আছ, বট  
ঘ. থাক্ বট, আ, শিখ

২৮। কোন বাক্যে বিধেয় কর্ম রয়েছে?

- ক. তাকে আমরা চিনি না  
খ. জিজ্ঞাসিব জনে জনে  
গ. দুধকে আমরা দুগ্ধ বলি  
ঘ. লাঙ্গল দ্বারা জমি চাষ করা হয়

২৯। কী হেতু এসেছে তুমি, কহ বিস্তারিয়া—'হেতু' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?

- ক. ব্যাপার                            খ. নিমিত্ত  
গ. প্রার্থনা                            ঘ. প্রসঙ্গ

৩০। ক্রিয়া বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ড বাক্যের উদাহরণ কোনটি?

ক. যতই করিবে দান, ততই যাবে বেড়ে

খ. ধনধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা

গ. আমি মাঠে গিয়ে দেখলাম, খেলা শেষ হয়ে গিয়েছে

ঘ. যে এ সভায় অনুপস্থিত, সে বড় দুর্ভাগা

৩১। যা দমন করা যায় না—

ক. দুর্দম খ. দুর্দমনীয়

গ. অদম্য ঘ. দুর্গম

৩২। 'ইনি আমার বৈবাহিক' বাক্যটিতে 'বৈবাহিক' শব্দটির অর্থ—

ক. শব্দের অর্থান্তরপ্রাপ্তিতে

খ. শব্দের অর্থ সংকোচে

গ. শব্দের উত্কর্ষপ্রাপ্তিতে

ঘ. শব্দের অপকর্ষপ্রাপ্তিতে

৩৩। 'মাথা ব্যথা' শব্দ কী অর্থে ব্যবহার করা হয়েছে?

ক. আগ্রহ খ. ভাবনা করা

গ. শপথ করা ঘ. রোগবিশেষ

৩৪। এ অচল টাকা কে নেবে?—এখানে 'অচল' শব্দটির অর্থ হলো—

ক. গতিহীন খ. মেকি

গ. অপ্রচলিত ঘ. নষ্ট

৩৫। 'হাতি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক. ধেনু খ. পিক

গ. কর ঘ. সুর

৩৬। 'গৃহী' শব্দের বিপরীত শব্দ কোনটি?

ক. সন্ন্যাসী খ. সন্নাসী

গ. সন্ন্যাসী গ. সন্ন্যাস

৩৭। কোন বাগধারাটির অর্থ বেহায়া?

ক. চিনির বলদ খ. কানকাটা

গ. জিলাপির প্যাঁচ ঘ. ঠোঁটকাটা

৩৮। ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করলে কর্তায় কোন বিভক্তি হয়?

ক. দ্বিতীয়া খ. তৃতীয়া

গ. প্রথমা ঘ. ষষ্ঠী

৩৯। হামিদ বলল, 'তোমরা আগামীকাল এসো'—পরোক্ষ উক্তি হবে—

ক. হামিদ তাদের পরদিন আসতে বলল

খ. হামিদ তাদের বলল যে তারা যেন আগামীকাল আসে

গ. হামিদ বলল যে তোমরা পরদিন এসো

ঘ. হামিদ তাদের বলল যে তারা যেন পরদিন আসে

৪০। জিজ্ঞাসা চিহ্নের জন্য বিরতিকালের পরিমাণ কত?

ক. এক বলতে যে সময় লাগে

খ. এক বলার দ্বিগুণ সময়

গ. এক সেকেন্ড

ঘ. থামার প্রয়োজন নেই

উত্তরগুলো মিলিয়ে নাও

১. খ ২. ক ৩. গ ৪. ঘ ৫. ক ৬. গ ৮. ক ৯. গ ১০. খ

১১. গ ১২. ১৩. খ ১৪. গ ১৫. ক ১৬. গ ১৭. ঘ

১৮. ক ১৯. খ ২০. ঘ ২১. গ ২২. ঘ ২৩. ক ২৪. খ

২৫. ক ২৬. ঘ ২৭. গ ২৮. গ ২৯. খ ৩০. ক ৩১. গ

৩২. খ ৩৩. ক ৩৪. খ ৩৫. গ ৩৬. গ ৩৭. ঘ ৩৮. গ ৩৯. ঘ

৪০. গ